

ঢাকা, ০৩ জুলাই ২০১৯

## সংশ্লিষ্ট বিষয়ের অভিজ্ঞতা বিবেচনায় নিয়ে প্রকল্পের পিডি নিয়োগ দেয়ার নির্দেশ শিক্ষামন্ত্রীর

শিক্ষামন্ত্রী ডা. দীপু মনি বলেছেন একজন মানুষ সব বিষয়ে হয়ত পারদর্শী হবে না। কিন্তু কোন এক বিষয়ে হয়ত কোন এক জন মানুষ বিশেষভাবে পারদর্শী হতে পারে। তাই প্রকল্পের অভিষ্ঠ লক্ষ্যে পারদর্শী ব্যক্তিকে প্রকল্প পরিচালক হিসেবে নিয়োগ দেয়াই সমিচীন। এই বিষয়টি বিবেচনায় নিয়ে পিডি নিয়োগ দিতে তিনি সংশ্লিষ্টদের নির্দেশ প্রদান করেন।

তিনি আজ বিকালে রাজধানীর ধানমন্ডিতে নায়েম মিলনায়তনে মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের মনিটরিং এন্ড ইভালুয়েশন উইং এর আয়োজনে শিক্ষা মন্ত্রণালয়ের প্রকল্প সমূহের জুলাই ২০১৮ থেকে ডিসেম্বর ২০১৮ সময়ের মূল্যায়ন প্রতিবেদনের মোড়ক উন্মোচন অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তৃতায় এ কথা বলেন। মন্ত্রী শিক্ষার গুণগতমান উন্নয়নে মনিটরিং ও ইভালুয়েশন এর প্রতিবেদনে শুধু মাত্র সংখ্যাগত অর্জন বা সংখ্যাগত প্রতিবেদন না দিয়ে গুণগত অর্জনের উপর গুরুত্ব দিতে নির্দেশ প্রদান করেন।

মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের মহাপরিচালক প্রফেসর ড. সৈয়দ মো গোলাম ফারুক এর সভাপতিত্বে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন শিক্ষা উপমন্ত্রী মহিবুল হাসান চৌধুরী, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগের সিনিয়র সচিব সোহরাব হোসাইন, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের পরিবীক্ষন ও মূল্যায়ন উইং এর পরিচালক প্রফেসর মোঃ আমির হোসেন প্রযুক্তি।

মহিবুল হাসান চৌধুরী ব্যক্তি স্বার্থের উর্ধ্বে উঠে সর্বোচ্চ দেশপ্রেম ও সততা নিয়ে প্রকল্পের অভিষ্ঠ লক্ষ বাস্তবায়নে কাজ করতে প্রকল্প পরিচালকদের নির্দেশ প্রদান করেন।

সোহরাব হোসাইন বলেন এই প্রতিবেদন সন্তোষজনক নয়। তিনি বলেন মনিটরিং ও ইভালুয়েশন বিভাগের কাজ শুধুমাত্র একটি প্রকাশনা প্রকাশ করা নয়। এই প্রতিবেদনে প্রকল্পের অভিষ্ঠ লক্ষ্য কতটা বাস্তবায়িত হচ্ছে তার স্পষ্ট বিবরণ থাকতে হবে। কোন দুর্নীতি থাকলে তার ও বিবরণ থাকতে হবে।

মোহাম্মদ আবুল খায়ের  
তথ্য ও জনসংযোগ কর্মকর্তা  
শিক্ষা মন্ত্রণালয়  
মোবাইল নাম্বার: ০১৭১৬-০৬৬৮৮৮

